



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০২০.১৯.৩৫৩

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮
২৫ নভেম্বর ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২২তম Policy Planning & Management Course (PPMC)-এ অংশগ্রহণে
ইচ্ছুক কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ০৯/০১/২০২২ হতে ২০/০১/২০২২ তারিখ পর্যন্ত ১২ (বার) দিন মেয়াদে সরকারের অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাদের জন্য 22nd Policy Planning & Management Course (PPMC) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদনের ছক) পূরণপূর্বক আগামী ০৯/১২/২০২১ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৩ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd ইমেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

শর্তাবলি:

- (ক) কোর্সটি স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে বিপিএটিসি-তে পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিপিএটিসি-এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৭ (সাতাত্তাল) বছর হতে হবে;
- (ঘ) আবেদনপত্র ছকের (আবেদনের ছক) নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে; এবং
- (চ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়ন তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

২৫-১১-২০২১

মোঃ আবদুর রউফ মিয়া
যুগ্মসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)

- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)
- ৭) অফিস কপি/মাস্টার ফাইল

সরকারের অতিরিক্ত সচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের জন্য
22nd Policy Planning & Management Course (PPMC)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

	কর্মকর্তার নাম:		
১.	বাংলায়	:	
	ইংরেজিতে (বড় অক্ষরে)	:	
২.	পরিচিতি নম্বর (আইডি)	:	
৩.	বিসিএস ক্যাডারও ব্যাচ:		
৪.	পদবি ও কর্মস্থল	:	
৫.	জন্ম তারিখ	:	
৬.	কোর্স শুরুর তারিখে (০৯/০১/২০২২ তারিখ) বয়স	:	
৭.	মোবাইল ও টেলিফোন নম্বর	:	
৮.	ই-মেইল	:	

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল